

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫৫৬

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ মুসাফির ব্যক্তির জন্য ফরয সিয়াম ভঙ্গ করাও বৈধ মর্মে বর্ণনা

ذِكْنُ الْإِبَاحَةِ لِلْمُسَافِرِ أَنْ يُفْطِرَ فِي سَفَرِهِ صِيَامَ الْفَرِيضَةِ عَلَيْهِ

আরবী

3556 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا يَزِيدُ بْنُ مَوْهَبٍ قَالَ: حَدَّثَنِي اللَّهِ عَنِ ابْنِ شِهَابٍ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ ، عَنِ ابْنِ عَبَّاسٍ! أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم خَرَجَ عَامَ الْفَتْحِ فِي شَهْرِ رَمَضَانَ فَصَامَ حَتَّى بَلَغَ الْكَدِيدَ ثُمَّ أَفْطَرَ قَالَ: وَكَانَ أَصِحَابُ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم يتَّبعون الْأَحْدَثَ فالأحدث من أمره. وكَانَ أَصِحَابُ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم يتَّبعون الْأَحْدَثَ فالأحدث من أمره. الراوي: ابْن عَبَّاسٍ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3556 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৩৫৫৬. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মক্কা বিজয়ের বছরে রমযান মাসে বের হন। অতঃপর যখন তিনি কাদীদ নামক জায়গায় পৌঁছেন, তখন তিনি সিয়াম ভঙ্গ করেন। সাহাবীগণও সিয়াম ভঙ্গ করেন।

রাবী বলেন, "সাহাবীগণ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সর্বশেষ কাজ অনুসরণ করতেন।"[1]

ফুটনোট

[1] সহীহ বুখারী: ৪২৭৫; সহীহ মুসলিম: ১১১৩; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৭৭৬২; আত তায়ালিসী: ২৭১৬; হুমাইদী: ৫১৪; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/১৫; মুসনাদ আহমাদ: ১/২১৯; নাসাঈ: ৪/১৮৯; সহীহ ইবনু খুযাইমাহ: ২০৩৫; তাহাবী: ২/৬৪; সুনান বাইহাকী: ৪/২৪০-২৪১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী



রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৩৫৫৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন